সংবাদ

তারিখ ১৯ OCT 2016
পৃষ্ঠা ৭

ভর্তি ফরমের মূল্য বৃদ্ধি

# প্রতিবাদে শাবি শিক্ষার্থীদের বিক্ষোভ

**প্রতিনিধি, সিলেট**

কোন কারণ ছাড়াই ভর্তি ফরমের মূল্য বাড়িয়ে দেয়ায় গত কয়েক দিনের আন্দোলনে উত্তাল হয়ে উঠেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ২০১৬-১৭ সেশনে ভর্তি ফরমের মূল্য বৃদ্ধিতে প্রতিদিনের মতো সোমবারও ক্যাম্পাসে বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা। তাদের সঙ্গে যোগ দেয় বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনও।

সোমবার সকাল থেকেই মানববন্ধন, বিক্ষোভ মিছিল, অবস্থান কর্মসূচিতে স্লোগান মুখর হয়ে পড়ে শাবি ক্যাম্পাস। সংগ্রহ করা হয় গণস্বাক্ষর। 'ভর্তি ফরমের মূল্যবৃদ্ধি বিরোধী শিক্ষার্থী মঞ্চ' ব্যানারে আন্দোলনরত শিক্ষার্থীরা এদিনও অভিযোগ করে বলেন, সম্পূর্ণ অযৌক্তিকভাবে ফরমের মূল্য বৃদ্ধি করা হয়েছে। শিক্ষার্থীদের সঙ্গে সহমত জানিয়েছেন অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল। তিনি স্পষ্ট বলেছেন, শিক্ষকদের বাড়তি উপার্জনের জন্য এমন অযৌক্তিক সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

এ ব্যাপারে ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ বলেন, শিক্ষার্থীদের দাবি বিবেচনা করে মঙ্গলবার জরুরি বৈঠক ডাকা হয়েছে।

শিক্ষার্থীদের আন্দোলন যৌক্তিক বলে মন্তব্য করেছেন ভর্তি কমিটির সদস্য সচিব বেলায়েত হোসেন। তিনি বলেন, তাদের দাবি যৌক্তিক, অবশ্যই বিবেচনা করা হবে।

তবে এসব আশ্বাসে আন্দোলন বন্ধ হবে না বলে জানিয়েছেন ভর্তি ফরমের মূল্যবৃদ্ধিবিরোধী আন্দোলনের মুখপাত্র সারোয়ার তুষার। তিনি বলেন, ভর্তি ফরমের বর্ধিত মূল্য কমিয়ে আগের মতো করার ঘোষণা দিলেই তবে আন্দোলন বন্ধ হবে নতুবা আরও তীব্র হবে নায্য দাবির এই আন্দোলন।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ সেশনে ভর্তি ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে এক হাজার থেকে বারশ' টাকা, যেখানে গত বছর ছিল সাতশ ৫০ থেকে নয়শ টাকা। গত বছরের তুলনায় এবার ভর্তি ফি বৃদ্ধি করা হয়েছে ৩৩ দশমিক ৩৩ শতাংশ।

শিক্ষার্থীদের দাবি এ অস্বাভাবিক মূল্য বৃদ্ধির কারণে ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ পাবে না দেশের অধিকাংশ নিম্ন ও নিম্ন মধ্যবিত্ত পরিবারের সন্তানরা।